প্রকা/কেহিবি-১/পরিপত্র নং-০৮/২০২০ তারিখ : ২১ জুলাই, ২০২০ / ৬ শ্রাবণ, ১৪২৭

বিষয় : ২০২০-২০২১ অর্থবছর (২০২১-২০২২ কর বছর) এর কর্মকর্তা/কর্মচারীগণের বৈতনিক আয়ের উপর আয়কর নিরূপণ, কর্তন, ক্রেডিট এ্যাডভাইস প্রেরণ ও ১২-ডিজিট টি, আই, এন গ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ২০২০-২০২১ অর্থবছর (২০২১-২০২২ কর বছর) এর জন্য ব্যাংকের যে সকল কর্মকর্তা/কর্মচারীগণের বৈতনিক আয়ের করযোগ্য আয় আছে তাদেরকে নিজ তহবিল হতে বৈতনিক আয়ের উপর আয়কর প্রদানের ক্ষেত্রে এই বিভাগের ১৪-০৬-২০২০ তারিখের পরিপত্র নং-০২/২০২০ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে। উক্ত পরিপত্রের ০২ নং অনুচ্ছেদের মর্মানুযায়ী একজন সরকারি কর্মকর্তা/কর্মচারীর মূল বেতন, উৎসব ভাতা এবং বোনাস/এক্সগ্রেসিয়া ''করযোগ্য আয়" হিসেবে বিবেচিত হবে। অন্য সকল সুবিধা ও ভাতাদি যেমন : বাড়ী ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা, বাংলা নববর্ষ ভাতা, প্রণোদনা ভাতা, ছুটি নগদায়ন এবং শ্রান্তি বিনোদন ভাতা ইত্যাদি করমুক্ত থাকবে। এখানে উল্লেখ্য যে, একজন করদাতার মোট আয়ের ২৫% অনুমোদনযোগ্য বিনিয়োগ হিসেবে বিবেচনায় নিয়ে কর রেয়াতের পরিমাণ নিরূপণ করতে হবে।

০৩। উপরোক্ত নির্দেশনা মোতাবেক ২০২০-২০২১ অর্থবছরের প্রাপ্তব্য বৈতনিক আয়ের উপর আয়কর নিরূপণপূর্বক জুলাই/২০২০ হতে জুন/২০২১ মাসের মধ্যে সমান ১২ (বারো) কিস্তিতে সকল করযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণের বৈতনিক আয়ের উপর আয়কর কর্তন করতে হবে। প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, জোনাল কার্যালয়, জোনাল নিরীক্ষা কার্যালয় ও সকল শাখার বেতনপ্রদানকারী কর্তৃপক্ষ কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণের বৈতনিক আয়ের উপর প্রদেয় আয়কর সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বেতন হতে মাসিক ভিত্তিতে বাধ্যতামূলকভাবে কর্তন নিশ্চিত করবেন। অনলাইন শাখাসমূহ কর্তনকৃত অর্থের সংকলিত বিবরণী এতদসংগে সংযুক্ত ছক-'ক' অনুযায়ী প্রস্তুতপূর্বক ই-মেইল মারফত এবং অফলাইন শাখাসমূহ আদায়কৃত অর্থের সংকলিত বিবরণী (সংযুক্ত ছক-'ক' অনুযায়ী) এবং ক্রেডিট এ্যাডভাইস প্রতি মাসের শেষ কর্মদিবসে জোনাল কার্যালয়ের মাধ্যমে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১, প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

০৪। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর 184A ধারা মোতাবেক সরকার অথবা সরকারের কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন, সত্তা বা ইউনিটের বা প্রচলিত কোন আইন, আদেশ বা দলিলের মাধ্যমে গঠিত কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন, সত্তা বা ইউনিটের কর্মচারী যদি সংশ্লিষ্ট আয় বছরের যে কোন সময় ২০১৫ সালে ঘোষিত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর দশম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডে অথবা ২০১৫ সালে ঘোষিত পে-স্কেলের দশম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডের সমতুল্য যে কোন গ্রেডে বেতন ভাতাদি গ্রহণ করেন তাকে বাধ্যতামূলকভাবে ১২-ডিজিট টি, আই, এন গ্রহণ করতে হবে। অন্যথায় আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 30 এর ক্লজ (aaa) মোতাবেক কোন মাস বা মাসসমূহের বেতন ভাতাদি প্রদানের সময় কোন কর্মকর্তা/কর্মচারী ১২-ডিজিট টি, আই, এন ধারী না থাকেন তাহলে তার ঐ মাস বা মাসসমূহের বেতন ভাতাদি খরচ অনুমোদনযোগ্য হবে না, যা ব্যাংকের আর্থিক ক্ষতির কারণ হবে। এমতাবস্থায়, বেতনপ্রদানকারী কর্তৃপক্ষ বেতন প্রদানকালে ২০১৫ সালে ঘোষিত পে-স্কেলের দশম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডের সমতুল্য যে কোন গ্রেডে বেতন ভাতাদি গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীগণের ১২-ডিজিট টি, আই, এন গ্রহণ করে বেতন প্রদান করবেন।

০৫। বেতনপ্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণকে বেতন প্রদানকালে বাধ্যতামূলকভাবে ১২-ডিজিট টি, আই, এন গ্রহণ এবং কর কর্তন না করার কারণে আয়কর কর্তৃপক্ষ কর্তৃক কোন জরিমানা আরোপিত হলে বেতন প্রদানকারী কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট করদাতা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

০৬। অত্র ব্যাংকের সকল করযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণের প্রতি মাসের বৈতনিক আয়ের উপর আয়কর বাবদ কর্তনকৃত অর্থ পরবর্তী মাসের ১৪ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা করতে হয়। সে কারণে কোন করযোগ্য কর্মকর্তা/কর্মচারীর বেতন হতে আয়কর কর্তন করা না হলে সংশ্লিষ্ট বেতনপ্রদানকারী কর্তৃপক্ষের নামে ঐ শাখার সকল করযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণের প্রদেয় আয়করের সমপরিমাণ অর্থের ডেবিট এ্যাডভাইস ইস্যুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জোনাল ব্যবস্থাপকগণকে বলা হলো।

০৭। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আয়কর সংক্রান্ত কোন সংশোধন, পরিবর্তন/পরিবর্ধন আনয়ন করা হলে সে মোতাবেক প্রয়োজনীয় সংশোধনী প্রযোজ্য হবে। উল্লিখিত নির্দেশাবলী যথাযথভাবে পরিপালনপূর্বক বৈতনিক আয়ের আয়কর কর্তন সংক্রান্ত বিবরণী এবং ক্রেডিট এ্যাডভাইস যথাসময়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

চলমান পাতা-০২

০৮। বৈতনিক আয়ের আয়কর সংক্রান্ত বিষয়ে কোন ব্যাখ্যা/তথ্যের প্রয়োজন হলে স্থানীয় আয়কর অফিস অথবা এই বিভাগের কর্মকর্তা জনাব মাসুদ রানা মাহতাব (০১৭১৯-১১০৭২৪) এর সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

27/07/2020

মোঃ মজনুর রহমান
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

ফোন : ০২৪৭-৮৬০৫৩২।

সংযুক্তি : ০১ (এক)।

নং- প্রকা/কেহিবি-১/৩০(১৯)/২০২০-২০২১/৫৩৭(৪৫৭) তারিখ : ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। পরিপত্রটি সংযুক্তিসহ রাকাবের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।
৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনষ্টিটিউট, রাজশাহী।
৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১০। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১১। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
১৩। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৫। মেসার্স আহমেদ খান এন্ড কোং, আয়কর উপদেষ্টা, মধুমিতা বিল্ডিং (২য় তলা), ১৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
১৬। উপ-কর কমিশনার, সার্কেল-১৮(বৈতনিক), কর অঞ্চল-রাজশাহী।
১৭। অফিস নথি/ মহানথি।

21.07.2020
মাসুদ রানা মাহতাব
কর্মকর্তা
ফোন : ০২৪৭-৮৬০৫২১।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ছক - ‘ক’

.... শাখা/কার্যালয়/বিভাগ।

কর্মকর্তা/কর্মচারীগণের ২০২০-২০২১ অর্থবছর (২০২১-২০২২ কর বছর) এর বৈতনিক আয়ের উপর আয়কর কর্তন সংক্রান্ত বিবরণী

ক্রমিক নং	কর্মকর্তা/ কর্মচারীর নাম	পদবী	১২-ডিজিট টি, আই, এন (ট্যাক্স পেয়ার্স আইডেন্টিফিকেশন নম্বর)	কর্তনকৃত টাকার পরিমাণ
১	২	৩	৪	৫
১।				
২।				
৩।				
৪।				
৫।				
			মোট =	

Qeue